ভোরের কাগজ

তারিখ 03 FEB 2016
পৃষ্ঠা 7 কলাম 4

# রানীশংকৈলে জেএসসির খাতা এসএসসিতে

■ ঠাকুরগাঁও প্রতিনিধি

ঠাকুরগাঁও জেলার রানীশংকৈল পাইলট উচ্চ বিদ্যালয়ে এসএসসি ও সমমানের পরীক্ষায় জেএসসি পরীক্ষার খাতা দেওয়া হয়েছে। এর ফলে পরীক্ষার্থীদের প্রায় ২০ মিনিট সময় নষ্ট হয়। এ নিয়ে স্থানীয় গণমাধ্যম কর্মীদের সঙ্গে বিরূপ আচরণ করেছেন পরীক্ষা কেন্দ্রটির সচিব। গত সোমবার বাংলা প্রথম পত্রের লিখিত পরীক্ষায় এ ঘটনা ঘটে।

খাতা দেওয়ার সময় পরীক্ষার্থীদের জেএসসি পরীক্ষার খাতা দেওয়া হয়। এতে পরীক্ষার্থী ও কক্ষে দায়িত্বরত শিক্ষকরা বিপাকে পড়েন। এ নিয়ে শিক্ষক ও পরীক্ষার্থীদের মধ্যে কথাকাটি শুরু হয়। এক পর্যায়ে পরীক্ষা কেন্দ্রে সৃষ্টি হয় বিশৃঙ্খলা। এতে পরীক্ষার্থীদের প্রায় ২০ মিনিট সময় নষ্ট হয়। খবর পেয়ে রানীশংকৈলের স্থানীয় সাংবাদিক শাওন খাতার ছবি তুলতে গেলে কেন্দ্র সচিব সোহেল রানা ক্যামেরা আটকে ধরেন। সে সঙ্গে ডিসি বা ইউএনওর অনুমতিপত্র আনতে বলেন। পরে স্থানীয় সাংবাদিকদের তিনি বলেন, ইউএনও স্যারের নির্দেশনা আছে পরীক্ষা কেন্দ্রে সাংবাদিক প্রবেশে অনুমতিপত্র লাগবে।

এ বিষয়ে ইউএনও খন্দকার মো. নাহিদ হাসান জানান, পরীক্ষার খাতার বিষয়টি আমি জানি না। পরীক্ষার কেন্দ্রে সাংবাদিক প্রবেশে ডিসি বা ইউএনওর অনুমতি লাগবে, এটিও সঠিক নয়।